# ঢাকা বিশ্ববিদ্যালয়
# ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
## প্রযুক্তি ইউনিট
## ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউট
## ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বি.এসসি ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম

# ভর্তি নির্দেশিকা

**ভর্তি পরীক্ষা: ২ সেপ্টেম্বর ২০২২ শুক্রবার সকাল: ১০.০০-১১.৩০ টা**

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের তত্ত্বাবধানে পরিচালিত সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ [(ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ, ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, ফরিদপুর, এবং বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল) এবং বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউট (ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার), সাভার, শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, ঢাকা, এবং কে. এম. হুমায়ুন কবীর ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ)]-এ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে প্রথম বর্ষ বি.এসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, সিভিল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং এবং ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম-এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হচ্ছে।

## অধিভুক্ত কলেজ/ইনস্টিটিউটসমূহ

| প্রতিষ্ঠানের নাম | ঠিকানা | বিভাগ সমূহ | ফি |
|---|---|---|---|
| ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি) | খাগডাহর (রহমতপুর) ময়মনসিংহ<br>ফোন: ০৯১-৫২১১১ | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং<br>সিভিল ইঞ্জিনিয়ারিং<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ এর বিধি মোতাবেক |
| ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি) | ফরিদপুর<br>ফোন ০৬৩১-৬৬৩০৪, ৬৬৩০৫ | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং<br>সিভিল ইঞ্জিনিয়ারিং<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ এর বিধি মোতাবেক |
| বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি) | বরিশাল<br>ফোন: ০২-৯১০৩৯৫৬ | ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং<br>সিভিল ইঞ্জিনিয়ারিং | সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ এর বিধি মোতাবেক |
| ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার)<br>(বেসরকারি) | নয়ারহাট, সাভার, ঢাকা<br>মোবাইল ফোন: ০১৭৫৫০৬০২৭৫, ০১৮২০০০৮৮৭৬ | বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং<br>ইন্ডাস্ট্রিয়াল প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং<br>ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং<br>ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং | ৪ বছরে কোর্স ও অন্যান্য ফি ৪,৮৫,০০০/- সকল কোর্সের জন্য (রেজিস্ট্রেশন ও পরীক্ষার ফি ব্যতিত) |
| শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (বেসরকারি) | হাউস নং: ১০, রোড নং: ০১, চাঁদ উদ্যান, মোহাম্মদপুর, ঢাকা<br>01907485807, 01712634871, 01711800572, 01754978173; | টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং<br>ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং<br>ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৪ বছরে কোর্স অন্যান্য ফিসহ ৪,৫৩,০০০/- (রেজিস্ট্রেশন ও পরীক্ষার ফি ব্যতিত) |
| কে এম হুমায়ুন কবীর ইঞ্জিনিয়ারিং কলেজ (বেসরকারি) | দিঘার কান্দা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ<br>০১৭১৮৯৬৮১৩৯, ০১৮৩৯৯৪৬৩২৮ | সিভিল ইঞ্জিনিয়ারিং<br>কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৪ বছরে কোর্স অন্যান্য ফিসহ ৩,৪৫,০০০/- (রেজিস্ট্রেশন ও পরীক্ষার ফি ব্যতিত) |

## ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ

ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজটি একটি সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ, ময়মনসিংহ (সদর) শহর থেকে প্রায় ৮ কিলোমিটার পশ্চিমে খাগডহর (রহমতপুর)-এ অবস্থিত। কলেজটি ১১ এপ্রিল ২০০৭ সাল হতে প্রশাসনিক কার্যক্রম শুরু করে। দেশে প্রকৌশল শিক্ষা বিস্তারের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর-এর প্রকল্পের মাধ্যমে কলেজের যাত্রা শুরু হয়।

বর্তমানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের অধীনে একাডেমিক কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। উক্ত কলেজটিতে বর্তমানে ৩টি বিভাগ হচ্ছে: (১) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগ, (২) সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগ, এবং (৩) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) বিভাগ। এই প্রতিষ্ঠানে প্রতি একাডেমিক সেশনে প্রত্যেক বিভাগে ৬০ জন করে মোট ১৮০ জন ছাত্র-ছাত্রীর ভর্তির সুয়োগ রয়েছে।



**প্রশাসনিক ভবন**

অত্র কলেজে ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগে সর্বাধুনিক যন্ত্রপাতি সম্বলিত সর্বমোট ৯টি ল্যাব রয়েছে। এছাড়াও বিভাগের বিভাগীয় সেমিনার লাইব্রেরী এবং আধুনিক শিক্ষা উপকরণ সমৃদ্ধ ক্লাশ রুম রয়েছে ও স্বনামধন্য শিক্ষক মন্ডলী দ্বারা শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে।



**ই.ই.ই. ভবন**

সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগে ১০টি আন্তর্জাতিক মানসম্পন্ন ল্যাব রয়েছে। যেখানে Structural Engineering Lab ও Geo-Technical Engineering and Environmental Lab বিশেষভাবে উল্লেখযোগ্য।



কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগে ১০টি সর্বাধুনিক যন্ত্রপাতি সম্বলিত ল্যাব রয়েছে। এছাড়াও বিভাগের বিভাগীয় সেমিনার লাইব্রেরী এবং আধুনিক শিক্ষা উপকরণ সমৃদ্ধ ক্লাশ রুম রয়েছে এবং ও স্বনামধন্য শিক্ষক মন্ডলী দ্বারা শিক্ষা কার্যক্রম চলমান পরিচালিত হচ্ছে।



কলেজটিতে ৫ তলা বিশিষ্ট একটি লাইব্রেরী রয়েছে, যেখানে আন্তর্জাতিক মানের বই, জার্নাল, নামকরা গবেষকদের গবেষনা পান্ডুলিপি ও বঙ্গবন্ধু কর্ণার উল্লেখযোগ্য। সেখানে ৩০০ আসনবিশিষ্ট একটি অডিটরিয়াম রয়েছে।



এছাড়াও কলেজটিতে সর্বমোট ৩টি আবাসিক হল যার দুটি হল ছাত্রদের ও একটি হল ছাত্রীদের জন্য বরাদ্দ রয়েছে এবং ৫০০ ছাত্র-ছাত্রীরা এ হল গুলোতে আবাসিক সুবিধা পাচ্ছে। সম্পূর্ণ ক্যাম্পাসটি ওয়াই-ফাই আওতাভূক্ত ও সিসি ক্যামেরা দ্বারা নিয়ন্ত্রিত।





কলেজটিতে রোভার স্কাউট ও গার্ল ইন রোভার কার্যক্রম চালু রয়েছে। ডিগ্রী অর্জন করা ছাত্র-ছাত্রীরা দেশে-বিদেশে বৃত্তিসহ উচ্চতর ডিগ্রী অর্জন করে সুনামের সাথে বিভিন্ন প্রতিষ্ঠানে কর্মরত আছে।



**আবাসিক হল**

**কলেজ সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা নিম্নরূপঃ**

**খাগডাহর (রহমতপুর), ময়মনসিংহ, ফোনঃ ০৯১-৫২১১১**

**Website: www.mec.ac.bd**

**E-mail: mec.ac.bd@gmail.com**

## ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ

ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের অধিভুক্ত কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন একটি সরকারি শিক্ষা প্রতিষ্ঠান। কলেজটি ফরিদপুর শহর থেকে মাত্র ২.৭ কি.মি. দূরে অবস্থিত। কলেজটি ২০১০ সালে ৫ একর জায়গায় প্রতিষ্ঠিত হয়। ২০১৩ সাল থেকে এর একাডেমিক কার্যক্রম শুরু হয়। কলেজটির একাডেমিক কার্যক্রম ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের অধীনে এবং প্রশাসনিক কার্যক্রম কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে পরিচালিত হচ্ছে।



**একাডেমিক ও প্রশাসনিক ভবনসমূহ**

কলেজটি ছায়াঘেরা ও চারদিকের খোলামেলা পরিবেশ এবং কলেজের সুন্দর ডিজাইন করা ১০ টি বড় বড় বিল্ডিং আছে, যা যে কোনো মানুষের মনকে মুগ্ধ করবে। অত্র কলেজে ৫ তলা বিশিষ্ট ৩ (তিন) বিভাগের জন্য ৩ (তিন) টি একাডেমিক ভবন, ৫ তলা বিশিষ্ট ২ টি ছাত্র হোস্টেল, এবং ১ টি ছাত্রীনিবাস রয়েছে। এখানে ছাত্র-ছাত্রীদের থাকার সুব্যবস্থা রয়েছে। কলেজটিতে ১ টি লাইব্রেরী ও ১টি অডিটোরিয়াম আছে।





কংক্রিট ল্যাব    হাইড্রোলিক্স ল্যাব

এছাড়া একটি প্রশাসনিক ভবন, ব্যাংক, ডাকঘর, ক্যান্টিনের জন্য দ্বিতলা ভবন এবং অধ্যক্ষের জন্য দ্বিতলা বাসভবন রয়েছে। ৩ তলা বিশিষ্ট মসজিদের কাজ চলমান রয়েছে। কলেজটিতে উচ্চ গতি সম্পন্ন ইন্টারনেট সংযোগ রয়েছে। শুধু পড়াশুনা নয় বিভিন্ন ধরণের সাংস্কৃতিক ও গবেষণার ক্ষেত্রে কলেজটি পিছিয়ে নেই। কলেজটিতে ডিবেটিং ক্লাব, গবেষণা ক্লাব, রোভার স্কাউট, রেড ক্রিসেন্ট সোসাইটি, এবং কালচারাল ক্লাব রয়েছে।






আবাসিক হলসমূহ    টেকফেষ্ট-এর খন্ডচিত্র

২০১৮ সালে ডিজিটাল উদ্ভাবনী মেলায় ফরিদপুর জেলার মধ্যে প্রতিষ্ঠানটি সর্বশ্রেষ্ট হওয়ার গৌরব অর্জন করেছে। অত্র কলেজে ৩ টি বিভাগে ল্যাব পরিচালনার জন্য পর্যাপ্ত পরিমাণ যন্ত্রপাতি রয়েছে। কলেজটিতে বর্তমানে বি.এসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং, বিএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং, এবং বি.এসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের কার্যক্রম চালু আছে। প্রতি বিভাগে ৬০ টি করে মোট ১৮০ (একশত আশি) টি আসন রয়েছে।







উল্লেখ্য যে, ২০১৩-১৪ শিক্ষাবর্ষ থেকে বি.এসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং এবং বি.এসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং, এবং ২০১৭-১৮ শিক্ষাবর্ষ থেকে বি.এসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের একাডেমিক কার্যক্রম শুরু হয়। বর্তমানে কলেজটিতে প্রায় ৫৫০ জন ছাত্র-ছাত্রী অধ্যয়নরত আছে। নিয়োগপ্রাপ্ত, খন্ডকালীন, এবং গেস্ট টিচারসহ প্রায় ৩০ জন শিক্ষক ও কর্মকর্তা আছে। ইতোমধ্যে ২০১৭ সন হতে অত্র প্রতিষ্ঠান থেকে পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের মধ্যে ৯৮% ছাত্র-ছাত্রী বিএসসি ইন ইঞ্জিনিয়ারিং পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে।

## কলেজ সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা নিম্নরূপঃ

**ড. কাজী মোতাহের হোসেন রোড, চর কমলাপুর**
**বাইতুল আমান, ফরিদপুর-৭৮০০**
**ফোন নম্বর: 0631-66304, 0631-66305**
**Website: www.fec.ac.bd**
**E-mail: principal.fec@gmail.com**

# বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ

বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজটি একটি সরকারি শিক্ষা প্রতিষ্ঠান এবং এটি ৮ একর জায়গার উপর প্রতিষ্ঠিত। বরিশাল বিভাগীয় শহর থেকে প্রায় ১৩ কি: মি: পূর্বে বন্দর থানাধীন উত্তর দূর্গাপুরে বরিশাল-ভোলা মহাসড়কের পাশে অবস্থিত। অত্র কলেজটি দেশে প্রকৌশল শিক্ষা বিস্তারের লক্ষ্যে শিক্ষা মন্ত্রাণালয়ের কারিগরি শিক্ষা অধিদপ্তর এর প্রকল্পের মাধ্যমে কলেজের যাত্রা শুরু হয়। ১৬ নভেম্বর, ২০১৭ খ্রি: হতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত হয়ে ২০১৭-১৮ সেশনে ভর্তির অনুমোদন প্রাপ্ত হয়েছে। এ কলেজটিতে বর্তমানে ২টি বিভাগে ছাত্র-ছাত্রী ভর্তি করা হয়: (১) ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগ, এবং (২) সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগ। প্রতি একাডেমিক সেশনে প্রত্যেক বিভাগে ৬০ জন করে মোট ১২০ জন ছাত্র/ছাত্রী ভর্তি হতে পারে। কলেজটিতে একটি প্রশাসনিক ভবন, চারটি একাডেমিক ভবন, একটি ৪০০ সিটের ছাত্রাবাস, ও একটি ১০০ সিটের ছাত্রীনিবাস আছে।







তাছাড়া শিক্ষক ও কর্মচারীদের জন্য পৃথক পৃথক আবাসিক ভবন রয়েছে। প্রতিষ্ঠানটি শহরের কোলাহল এবং যানজট মুক্ত গ্রামীণ প্রাকৃতিক মনোরম পরিবেশে অবস্থিত হওয়ায় মেধা ও মননে সুষ্ঠু বিকাশের হওয়ার পরিবেশ বিদ্যমান। ছাত্র-ছাত্রীদের মানসম্মত শিক্ষাদানের জন্য বাংলাদেশ পাবলিক সার্ভিস কর্মকমিশন কর্তৃক নিয়োগকৃত এবং বরিশাল বিশ্ববিদ্যালয়সহ অন্যান্য প্রতিষ্ঠানের অভিজ্ঞ খন্ডকালীন শিক্ষকবৃন্দ পাঠদানে নিয়োজিত রয়েছেন।







১ম বর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মধ্যে মেধার ভিত্তিতে এবং ২য় বর্ষ হতে উপস্থিতি ও সেমিস্টার পরীক্ষার ফলাফলের ভিত্তিতে যোগ্যতা সম্পন্ন সকল ছাত্র ছাত্রীকে হোস্টেলে আবাসন সুবিধা প্রদান করা হয়ে থাকে। বর্তমানে ছাত্র হোস্টেলে সর্বমোট ৪০০ ছাত্রের আবাসনের ব্যবস্থা রয়েছে। ছাত্রী হোস্টেলে সর্বমোট ১০০ জন ছাত্রীর আবাসনের ব্যবস্থা রয়েছে। মাল্টিপারপাস ভবনে অত্যাধুনিক কম্পিউটার দ্বারা সজ্জিত কম্পিউটার ল্যাব, রিসার্চ সেন্টার, সার্ভার রুম এবং ছাত্রছাত্রী ও শিক্ষকগণের পড়াশুনার জন্য একটি সমৃদ্ধ লাইব্রেরী আছে। ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগে ০৭ (সাত)টি এবং সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগে ০৭ (সাত)টি ল্যাবসহ ব্যবহারিক ক্লাশের জন্য প্রত্যেক বিভাগে যথেষ্ট পরিমাণ মর্ডান ইকুইপমেন্টস সুসজ্জিত আছে।

কলেজ সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা নিম্নরূপ:
দুর্গাপুর, (বরিশাল-ভোলা মহাসড়কের পাশে) বরিশাল সদর, বরিশাল
মোবাইল নম্বর: ০১৯০২-৬২৪৫৫৭, ০১৭৪৫-৫৯৯১৮০
০১৮২৬-৩৬০৯০৩, ০১৬৭৪-৭২৬১১২, ০১৭৭৩-৬৮৬৭৪৫
**Website:** https://barisal-eng.portal.gov.bd
**E-mail:** becbarishal@gmail.com

## ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার), সাভার

ন্যাশনাল ইনস্টিটিউট অফ টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত একটি শিক্ষা প্রতিষ্ঠান, যা বর্তমানে পাবলিক-প্রাইভেট পার্টনারশীপ (পিপিপি)-এর আলোকে দেশের শীর্ষস্থানীয় শিল্পোদ্যোক্তা সংগঠন 'বাংলাদেশ টেক্সটাইল মিলস্ এসোসিয়েশন (বিটিএমএ)' এর ব্যবস্থাপনায় এবং 'বাংলাদেশ টেক্সটাইল মিলস করপোরেশন (বিটিএমসি)' এর সহযোগিতায় পরিচালিত হচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ' - এর অধীনে নিটারে ২০১০-২০১১ শিক্ষাবর্ষ থেকে ৪ বছর মেয়াদী বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষ হতে বিএসসি ইন ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই), ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষ হতে বিএসসি ইন ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং (এফডিএই), এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ হতে বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) ও বিএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) প্রোগ্রাম চালু রয়েছে। উল্লেখিত প্রোগ্রাম সমূহের অনুমোদিত আসন সংখ্যা ও টিউশন ফি নিম্নরূপঃ

| নং | ভর্তি বিভাগ সমূহ | আসন সংখ্যা | ৪ বছরের টিউশন ফি ও অন্যান্য |
|---|---|---|---|
| ১. | বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং (ইয়ার্ন, ফেব্রিক, অ্যাপারেল, ওয়েট প্রসেসিং) | ২৯০ | ৪,৮৫,০০০/- (রেজিস্ট্রেশন ও পরীক্ষা ফি ব্যতীত) |
| ২. | বিএসসি ইন ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিঃ (আইপিই) | ১৪০ | |
| ৩. | বিএসসি ইন ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিঃ (এফডিএই) | ৭৫ | |
| ৪. | বিএসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিঃ (সিএসই) | ১২০ | |
| ৫. | বিএসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিঃ (ইইই) | ৬০ | |



নিটার প্রশাসনিক ভবন



নিটার একাডেমিক ভবন

নিটারে একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য দেশের বিভিন্ন খ্যাতনামা বিশ্ববিদ্যালয় থেকে ডিগ্রী প্রাপ্ত মেধাবী এবং উত্তর আমেরিকা, জাপান, জার্মানী, ইতালি, কোরিয়া, তুরস্ক, চীনসহ বিশ্বের বিভিন্ন দেশের স্বনামধন্য বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর ডিগ্রী (এমএসসি ও পিএইচডি) সম্পন্ন এবং বিভিন্ন শিল্প প্রতিষ্ঠানে কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রায় ৮০ জন স্থায়ী শিক্ষক নিয়োজিত রয়েছেন। এছাড়াও নিটার হতে ইউরোপ এবং আমেরিকার বিভিন্ন খ্যাতনামা বিশ্ববিদ্যালয়ে ১০ জন শিক্ষক উচ্চশিক্ষার জন্য বর্তমানে শিক্ষা ছুটিতে রয়েছেন। ছাত্র-ছাত্রীদের অধ্যয়নের জন্য নিটারে রয়েছে প্রায় ২০,০০০ বই সমৃদ্ধ একটি আধুনিক ও ডিজিটালাইজড লাইব্রেরি। গবেষণা কার্যক্রম পরিচালনার জন্য এখানে রয়েছে ১ টি স্বতন্ত্র 'Center for Research and Industrial Relation (CRIR)', যার মাধ্যমে ইন্ডাস্ট্রি সম্পর্কিত বিভিন্ন ফলিত, বিশেষায়িত, ও মৌলিক গবেষণা কার্যক্রম পরিচালিত হচ্ছে। নিটার-এ ছাত্র-ছাত্রীদের অধ্যয়ন ও গবেষণার জন্য মাল্টিমিডিয়া সমৃদ্ধ আধুনিক ক্লাশরুম ও সর্বাধুনিক প্রযুক্তির যন্ত্রপাতি/ইকুইপমেন্ট সমৃদ্ধ ল্যাবরেটরি রয়েছে। এছাড়াও তথ্য-প্রযুক্তির সাথে সার্বক্ষণিক সংযুক্ত রাখার উদ্দেশ্যে সমগ্র ক্যাম্পাসকে ওয়াই-ফাই জোনে পরিনত করা হয়েছে। ক্যাম্পাসে দ্রুতগতির ও উচ্চ-ক্ষমতাসম্পন্ন ইন্টারনেট ব্যবস্থা বিদ্যমান থাকায় নিটারের ছাত্র-ছাত্রী, শিক্ষক, কর্মকর্তা এবং কর্মচারীগণ সকলেই অনলাইনের মাধ্যমে ভার্চুয়াল সভা এবং সেমিনার বা টেলি-কনফারেন্সিংয়ের সুবিধা প্রাপ্ত হচ্ছে। 'টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং' বিভাগের জন্য রয়েছে সর্বাধুনিক প্রযুক্তির যন্ত্রপাতি সমৃদ্ধ ইয়ার্ন ল্যাব, উইভিং ল্যাব, নিটিং ল্যাব, ফেব্রিক ল্যাব, অ্যাপারেল ল্যাব, ওয়েট প্রসেসিং ল্যাব, গার্মেন্টস ওয়াশিং ল্যাব, এবং টেক্সটাইল টেস্টিং এন্ড কোয়ালিটি কন্ট্রোল ল্যাব।



ওয়েট প্রসেসিং ল্যাব (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং)



ইয়ার্ণ ম্যানু. ল্যাব (টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং)

'আইপিই' বিভাগের জন্য রয়েছে ফ্লুইড মেকানিক্স এন্ড মেশিনারি ল্যাব, থার্মোডিনামিক্স এন্ড হিট ট্রান্সফার ল্যাব, ম্যাটেরিয়ালস এন্ড মেকানিক্স ল্যাব, ম্যানুফেকচারিং প্রসেস ল্যাব, মেকানিক্যাল ওয়ার্কসপ, ড্রয়িং ল্যাব, নিজস্ব কম্পিউটার ল্যাব, সলিড মেকানিক্স ল্যাব, সিএনসি ল্যাব, ফাউন্ড্রি এন্ড কাস্টিং ল্যাব, এবং প্রোডাক্ট ডিজাইন এন্ড আর্গনোমিক্স ল্যাব।



থার্মোডিনামিক্স ল্যাব (আইপিই)



সলিড মেকানিক্স ল্যাব (আইপিই)

'এফডিএই' বিভাগের জন্য রয়েছে অত্যাধুনিক মেশিনারি ও সর্বাধুনিক প্রযুক্তি সমৃদ্ধ 'স্টেট অফ দ্য আর্ট' মানের ডিজাইন স্টুডিও এবং অন্যান্য ল্যাবের মধ্যে রয়েছে ড্রয়িং এন্ড কালার ল্যাব ও প্যাটার্ন ল্যাব। নিটারে পরিচালিত বিএসসি ইন এফডিএই প্রোগ্রামটি যেহেতু Textile ও Fashion Design বিষয়ের সমন্বিত একটি প্রোগ্রাম। তাই এই বিভাগের ছাত্র-ছাত্রীগণের Fashion Designing এর পাশাপাশি R&D, Fabric Styler, Merchandising সহ বিভিন্ন টেক্সটাইল ইন্ডাস্ট্রিতে চাকুরীর সুযোগ রয়েছে।





**ডিজাইন স্টুডিও (এফডিএই)**  **আর্ট ল্যাব (এফডিএই)**

দেশের শিল্পখাতে কম্পিউটারাইজড পদ্ধতিতে সর্বাধুনিক প্রযুক্তি অনুযায়ী অটোমেশন করার লক্ষ্যে নিটারে 'সিএসই' বিভাগ চালু করা হয়েছে, যেখানে রয়েছে অত্যাধুনিক কম্পিউটার সমৃদ্ধ ২টি CAD-CAM ল্যাব, ১টি কমিউনিকেশন এন্ড কম্পিউটার নেটওয়ার্কস ল্যাব, ১টি প্রোগ্রামিং ল্যাব ও ১টি অ্যাডভান্সড কম্পিউটিং ল্যাব।





**কম্পিউটার নেটওয়ার্কিং ল্যাব (সিএসই)**  **প্রোগ্রামিং ল্যাব (সিএসই)**

দেশের বস্ত্র ও সহায়ক শিল্পখাতের কারখানা সমূহে প্রতিনিয়ত নিত্যনতুন বৈদ্যুতিক প্রযুক্তি উদ্ভাবিত হওয়ায় পর্যাপ্ত বৈদ্যুতিক প্রকৌশলী তৈরীর জন্য নিটারে 'ইইই' বিভাগ চালু করা হয়েছে। 'ইইই' বিভাগের গুরুত্বপূর্ণ ল্যাব সমূহের মধ্যে রয়েছে ইলেকট্রিক্যাল সার্কিটস/ইলেকট্রনিক্স/ভিএলএসআই ল্যাব, পাওয়ার সিস্টেম এন্ড কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ল্যাব, ইলেকট্রিক্যাল মেশিন এন্ড পাওয়ার ইলেকট্রনিক্স ল্যাব, কন্ট্রোল সিস্টেম এন্ড ইনস্ট্রুমেন্টেশন ল্যাব। সকল বিভাগ সমূহের কমন ল্যাবরেটরি হিসেবে রয়েছে রসায়ন ল্যাব, পদার্থবিজ্ঞান ল্যাব, মেকানিক্যাল ওয়ার্কশপ, ইঞ্জিনিয়ারিং ড্রয়িং/গ্রাফিক্স ল্যাব এবং অন্যান্য প্রয়োজনীয় ল্যাবরেটরি।



কমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং ল্যাব (ইইই)



পাওয়ার ইলেকট্রনিক্স ল্যাব (ইইই)

ঢাকার অদূরে সাভারের নয়ারহাট এলাকায় প্রায় ১৩ একর আয়তন বিশিষ্ট নিটারের নিজস্ব ক্যাম্পাস রয়েছে। ক্যাম্পাসে বিভিন্ন ভবনে প্রায় সোয়া-দুই লক্ষ বর্গফুট বিভিন্ন ভৌত অবকাঠামো রয়েছে। আবাসিক শিক্ষার্থীদের জন্য নিটার-এ রয়েছে পৃথক ছাত্র ও ছাত্রী হোস্টেল। ছাত্র হোস্টেলে ৪০০ জন এবং ছাত্রী হোস্টেলে ৩০০ জন শিক্ষার্থীর আবাসনের ব্যবস্থা রয়েছে। শিক্ষক-কর্মকর্তাদের জন্য ২টি আবাসিক কোয়ার্টার রয়েছে। নিটার এর ছাত্র-ছাত্রীদের জন্য রয়েছে ২টি প্রশস্ত খেলার মাঠ, সমগ্র ক্যাম্পাসে পরিকল্পিত রাস্তা, ক্যান্টিন ও ক্যাফেটেরিয়া, মেডিকেল সেন্টার, সংস্কৃতি বিকাশ কেন্দ্র সহ সবুজে ঘেরা নির্মল প্রাকৃতিক পরিবেশ সমৃদ্ধ অনন্য ক্যাম্পাস। ছাত্র-ছাত্রীদের ঢাকা হতে ক্যাম্পাসে যাতায়াতের সুবিধার্থে বাস সার্ভিস রয়েছে। উল্লেখ্য, ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের মধ্য থেকে আর্থিকভাবে অস্বচ্ছল শতকরা ৫ (পাঁচ) জন মেধাবী শিক্ষার্থীকে সরকারি ইঞ্জিনিয়ারিং/টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের অনুরূপ খরচে অধ্যয়নের সুযোগ রয়েছে।





**নিটার লাইব্রেরি'র একাংশ**  **ছাত্র-ছাত্রীদের পরিবহনের জন্য বাস**

২০২১ সাল পর্যন্ত নিটার হতে টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ৭টি ব্যাচে মোট ৯৩০ জন এবং আইপিই প্রোগ্রামের ১টি ব্যাচের ৬২ জন ছাত্র-ছাত্রী সফলভাবে গ্র্যাজুয়েশন সম্পন্ন করেছে এবং তাদের ১০০% গ্রাজুয়েট দেশের বিভিন্ন খ্যাতনামা টেক্সটাইল শিল্পপ্রতিষ্ঠান, সরকারী বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান ও ক্যাডার সার্ভিস সহ সরকারী গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানে নিয়োজিত রয়েছে। এছাড়াও বিটিএমএ এর অধীনস্ত মিল সমূহে তারা অগ্রাধিকার ভিত্তিতে চাকুরীর সুযোগ পেয়ে থাকে। ছাত্র-ছাত্রীদের উচ্চশিক্ষার সুযোগ সৃষ্টি ও বিদ্যমান একাডেমিক সুবিধার যথাযথ ব্যবহারের লক্ষ্যে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষ হতে নিটার-এ ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ' এর অধীনে ৪০টি আসন নিয়ে মাস্টার্স ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম এবং ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ হতে 'বিজনেস স্টাডিজ অনুষদ' এর অধীনে ৬০টি আসন নিয়ে এমবিএ ইন টেক্সটাইল এন্ড অ্যাপারেল ভ্যালু চেইন প্রোগ্রাম চালু করা হয়েছে, যার ফলে বস্ত্র ও সহায়ক শিল্প প্রকৌশলীগণ নিটারে উচ্চশিক্ষার সুযোগ লাভ করছে। ইতোমধ্যে মাস্টার্স ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রামের ২টি ব্যাচ সফলভাবে মাস্টার্স প্রোগ্রাম সম্পন্ন করেছে।

## ইনস্টিটিউট সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা নিম্নরূপ:

**নয়ারহাট, সাভার, ঢাকা**

মোবাইল: **০১৭৫৫-০৬০২৭৫, ০১৭২২-৩৭৮২১১**

**০১৭৩৯-৪৫২৬৪১, ০১৮২০-০০৮৮৭৬**

Website: **www.niter.edu.bd**

Email: **ad.niter@gmail.com**

# শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ

(অধ্যক্ষ এম. এ. সাত্তার ট্রাস্ট কর্তৃক পরিচালিত)



শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (এসটিইসি) ঢাকা বিশ্ববিদ্যালয় এর ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজি অনুষদের অধীনে রাজধানী ঢাকা শহরে নিজস্ব স্থায়ী ক্যাম্পাসে ও আধুনিক একাডেমিক পরিবেশে শিক্ষা কার্যক্রম পরিচালিত হয়। শিক্ষার মান নিশ্চিত করার জন্য ৬৮ জন শিক্ষকের পাশাপাশি পিএইচ.ডি ডিগ্রিধারী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞ সম্মানিত অধ্যাপক মন্ডলী খন্ডকালীন শিক্ষক হিসেবে নিয়োজিত রয়েছেন। সমৃদ্ধ লাইব্রেরি ও নিজস্ব পরিবহন ব্যবস্থার পাশাপাশি আবাসিক শিক্ষার্থীদের জন্য এসটিইসির রয়েছে নিজস্ব ছাত্রাবাস ও ছাত্রীনিবাস। দুইটি একাডেমিক ও একটি প্রশাসনিক ভবন সম্বলিত এসটিইসি শিক্ষার্থীদের মেধা বিকাশে যত্নশীল একটি প্রতিষ্ঠান। মেধাবী ও দরিদ্র শিক্ষার্থীদের জন্য রয়েছে অধ্যক্ষ এম. এ. সাত্তার ট্রাস্ট এডুকেশন স্কলারশীপ।







শুধু তাই নয়, গ্রাজুয়েটদের কর্মসংস্থান নিশ্চিতকরণ, চাকুরি বাজারের চাহিদা পূরণ এবং দক্ষ জনবলের অভাব পূরণের লক্ষ্যে রয়েছে প্রতিষ্ঠানের নিজস্ব জব/প্লেসমেন্ট বিভাগ। যা শিক্ষার্থীদের কর্মসংস্থান সম্বন্ধে সঠিক ধারণা দিতে এবং চাকরি বাজারে নিজেদের প্রকৃত অবস্থান খুঁজে পেতে কার্যকরী ভূমিকা রেখে যাচ্ছে।

শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (এসটিইসি) ঢাকা বিশ্ববিদ্যালয় এর অধীনে নিম্নলিখিত বিভাগে চার বছর মেয়াদি বি.এসসি ইঞ্জিনিয়ারিং একাডেমিক প্রোগ্রাম সমূহ পরিচালনা করছে:

| বিভাগ সমূহ | আসন সংখ্যা | ৪ বছরের টিউশন ফি ও অন্যান্য (রেজিস্ট্রেশন ও পরীক্ষা ফি ব্যতীত) |
|---|---|---|
| বি.এসসি. ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | ১২০ | ৪,৫৩,০০০/- |
| বি.এসসি. ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিঃ (সিএসই) | ৫০ | |
| বি.এসসি. ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিঃ (ইইই) | ৫০ | |
| বি.এসসি. ইন ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিঃ (এফডিএই) | ৩০ | |
| মোট আসন = | ২৫০ | |

সময়ের পরিবর্তনের সঙ্গে বাড়ছে পেশাদারিত্বের গন্ডি। চাকুরীর বাজারে বস্ত্র প্রকৌশলীদের চাহিদা এতটাই বাড়ছে যে, পড়াশোনার শেষ করার আগেই রয়েছে চাকুরীর নিশ্চয়তা। বস্ত্রখাত দেশের সবচেয়ে সম্ভাবনাময় একটি খাত। এটি বাংলাদেশের প্রধান রপ্তানিমুখী খাত হওয়ায় দিন দিন এর চাহিদা ও গুরুত্ব বেড়েই চলছে। পাশাপাশি বাড়ছে বস্ত্র/টেক্সটাইল ইঞ্জিনিয়ারের চাহিদাও। আর ক্রমবর্ধমান এ চাহিদা বিবেচনায় শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে বি.এসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম পরিচালনা করেছে। নিজস্ব স্থায়ী ক্যাম্পাসে সুন্দর একাডেমিক পরিবেশে অবস্থিত অত্র বিভাগের রয়েছে মাল্টিমিডিয়া ক্লাশ রুম ও অত্যাধুনিক প্রযুক্তি সমৃদ্ধ ল্যাব। ল্যাব এর মধ্যে টেক্সটাইল টেস্টিং অ্যান্ড কোয়ালিটি কন্ট্রোল ল্যাব, ওয়েট প্রসেসিং ল্যাব, ইয়ার্ন ম্যানুফ্যাকচারিং ল্যাব, ফেব্রিক ও অ্যাপারেল ম্যানুফেকচারিং ল্যাব উল্লেখযোগ্য।













শিক্ষার্থীদের মেধার বিকাশ নিশ্চিতে অত্র বিভাগের নিবেদিতপ্রাণ শিক্ষকগণের পাশাপাশি দেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়ের শিক্ষকগণও গেস্ট ফ্যাকাল্টি হিসেবে ক্লাশ পরিচালনা করে থাকেন।

## ফ্যাশন ডিজাইন অ্যান্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং (FDAE) বিভাগ





আধুনিকতার ছোঁয়ায় পোশাককে রুচিসম্মতভাবে পরিধানের উপযোগী করে তোলেন ফ্যাশন ডিজাইনারগণ। ফ্যাশন ডিজাইন অ্যান্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং এমন একটি শিক্ষাক্রম যা একজন ফ্যাশন/অ্যাপারেল গ্রাজুয়েটকে তার বুদ্ধিভিত্তিক সৃজনশীলতা এবং কারিগরি ও কমিউনিকেশন স্কিল ডেভেলপমেন্টের মাধ্যমে কম্পিটেন্ট করে তোলে। শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে বি.এসসি ইন ফ্যাশন ডিজাইন অ্যান্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম পরিচালনা করছে।

তাত্ত্বিক ও ব্যবহারিক কার্যক্রম পরিচালনার জন্য অত্র বিভাগে আইসিটি বেজড ক্লাশ রুমের পাশাপাশি রয়েছে ডিজাইন স্টুডিও, প্যাটার্ন মেকিং অ্যান্ড ফেব্রিক কাটিং ল্যাব, অ্যাপারেল ম্যানুফ্যাকচারিং ল্যাব, ফ্যাশন ইলাস্ট্রেটর অ্যান্ড ইঞ্জিনিয়ারিং ল্যাব এবং ড্রইং ল্যাব।

সৃজনশীলতা বৃদ্ধির মাধ্যমে শিক্ষার্থীদের মেধা বিকাশে অত্র বিভাগের রয়েছে সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ ও নিবেদিতপ্রাণ শিক্ষকমন্ডলী।





## কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (CSE) বিভাগ





তথ্য প্রযুক্তির এ যুগে কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) একটি জনপ্রিয় বিভাগ। যারা প্রযুক্তি নির্ভর পেশায় নিয়োজিত হতে চায়, তাদের জন্য সিএসই উন্মোচন করেছে এক অমিত সম্ভাবনার দ্বার। আর এ বিষয়টি বিবেচনা করে শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (এসটিইসি) ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে ৪ বছর মেয়াদী বি.এসসি ইন কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম পরিচালনা করছে। প্রতিষ্ঠানের সিএসই বিভাগ নিজস্ব একাডেমিক ভবনে অবস্থিত, যার প্রতিটি ক্লাশ রুম ও ল্যাবরেটরি ইন্টারঅ্যাকটিভ ইলেকট্রনিক হোয়াইট বোর্ড সম্বলিত মাল্টিমিডিয়া প্রযুক্তিতে সমৃদ্ধ। তাত্ত্বিক ও প্রায়োগিক শিক্ষার সমন্বয়ে ডিজাইনকৃত এই ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম পরিচালনার্থে উক্ত বিভাগে রয়েছে বিষয়ভিত্তিক পর্যাপ্ত ল্যাবরেটরি। ল্যাব এর মধ্যে প্রোগ্রামিং ল্যাব, ডাটাবেজ ল্যাব, নেটওয়ার্কিং ল্যাব, অপারেটিং সিস্টেম ল্যাব, কম্পিউটার অ্যাপ্লিকেশন ল্যাব, কম্পিউটার ফান্ডামেন্টালস ল্যাব, মাইক্রোপ্রসেসর ও মাইক্রোকন্ট্রোলার ল্যাব উল্লেখযোগ্য। শুধু তাই নয়, উক্ত বিভাগের একাডেমিক কার্যক্রম পরিচালনার জন্য দেশ ও বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় থেকে উচ্চতর ডিগ্রি সম্পন্ন এবং শিল্প প্রতিষ্ঠানে বাস্তব কাজের অভিজ্ঞতা সম্পন্ন শিক্ষক মন্ডলী নিয়োজিত রয়েছেন। ডিজিটাল অধ্যায় রচনার মাধ্যমে একটি উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ বিনির্মাণে শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ এর সিএসই বিভাগ বদ্ধ পরিকর।





## ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (EEE) বিভাগ

বিশ্বায়নের এই যুগে বিদ্যুৎ হচ্ছে সকল কিছুর প্রাণ। উনবিংশ শতাব্দীর শেষ ভাগে যখন টেলিগ্রাফি ও বিদ্যুৎ শক্তির ব্যবহার জনপ্রিয় হয়ে উঠতে শুরু করে তখন থেকে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং-এর আত্মপ্রকাশ ঘটে। ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারগণ তথ্য আদান-প্রদান ও শক্তি সঞ্চালনের জন্য বিদ্যুৎ ব্যবস্থাকে ব্যবহার করে। দৈনন্দিন নিত্য নতুন বৈদ্যুতিক প্রযুক্তি উদ্ভাবিত হওয়ায় পর্যাপ্ত বৈদ্যুতিক প্রকৌশলী তৈরির লক্ষ্যে শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই) বিভাগ চালু করা হয়েছে। যা দক্ষ ও যোগ্য ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক প্রকৌশলী তৈরি করতে সক্ষম। উক্ত প্রোগ্রামটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালনা করেছে। একজন শিক্ষার্থীকে দক্ষ হিসেবে গড়ে তোলার জন্য আধুনিক ব্যবহারিক যন্ত্রপাতি সমৃদ্ধ ল্যাব রয়েছে।









ল্যাব-এর মধ্যে ডিজিটাল ইলেকট্রনিক্স ল্যাব, ইলেকট্রিক্যাল মেশিন ল্যাব, মাইক্রোপ্রসেসর ও মাইক্রোকন্ট্রোলার ল্যাব, ইলেকট্রিক্যাল মেজারমেন্ট ল্যাব উল্লেখযোগ্য। মাল্টিমিডিয়া ক্লাস রুম সম্বলিত আইসিটি বেজড একাডেমিক পরিবেশে অবস্থিত অত্র বিভাগের শিক্ষার্থীরা নিবেদিতপ্রাণ শিক্ষকদের সযত্ন পরিচর্যায় দক্ষ প্রকৌশলী হিসেবে গড়ে ওঠে ।

**কলেজ সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা নিম্নরূপঃ**

**হাউজ নং ১০, রোড নং ০১, চাঁদ উদ্যান, মোহাম্মদপুর, ঢাকা**

**ফোনঃ ০১৯০৭৪৮৫৮০৭, ০১৭১২৬৩৪৮৭১, ০১৭১১৮০০৫৭২, ০১৭৫৪৯৭৮১৭৩**

**E-mail:**stec_ac@yahoo.com;

**Website:**www.stec-edu.org, www.stec.ac.bd

## কে.এম. হুমায়ুন কবীর ইঞ্জিনিয়ারিং কলেজ

**পরিচিতিঃ** কে.এম. হুমায়ুন কবীর ইঞ্জিনিয়ারিং কলেজ ময়মনসিংহ সিটি কর্পোরেশন এলাকাধীন দিঘারকান্দা কাদুর বাড়ি মসজিদ এর বিপরীত পার্শ্বে অবস্থিত। অত্র কলেজটি ২০১৯ সাল হতে প্রশাসনিক কার্যক্রম শুরু করে। দেশের প্রকৌশল শিক্ষা বিস্তারের লক্ষ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ইঞ্জিনিয়ারিং কলেজ হিসেবে যাত্রা শুরু হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের অধীনে পরিচালিত প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষার মাধ্যমে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষ হতে একাডেমিক কার্যক্রম পরিচালিত হচ্ছে। উক্ত কলেজটিতে ২টি বিভাগঃ সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) এবং কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) চালু রয়েছে।



**সুযোগ সুবিধাঃ** কে.এম. হুমায়ুন কবীর ইঞ্জিনিয়ারিং কলেজ ময়মনসিংহ ক্যাম্পাসটি মনোরম পরিবেশে অবস্থিত। ডিজিটাল যন্ত্রপাতি সমৃদ্ধ সুবিশাল ল্যাব ও ক্লাস রুম রয়েছে। বৈদ্যুতিক সংযোগ, নিজস্ব জেনারেটর, ওয়াই-ফাই ইন্টারনেট ব্যবস্থা, প্রয়োজনীয় পুস্তক এবং জার্নাল সমৃদ্ধ সুবিশাল লাইব্রেরী ব্যবহারের সুযোগ রয়েছে। কে. এম. হুমায়ুন কবীর ইঞ্জিনিয়ারিং কলেজ ময়মনসিংহ-এ নিজস্ব দক্ষ ও অভিজ্ঞ শিক্ষকমন্ডলী দ্বারা ক্লাশ নেওয়া হয়। এছাড়াও ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি), বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, এবং আনন্দমোহন বিশ্ববিদ্যালয় এর অভিজ্ঞ শিক্ষকমন্ডলী গেস্ট লেকচারার হিসেবে ক্লাস নিয়ে থাকেন।

**নিরাপত্তাঃ** ক্যাম্পাসের সার্বক্ষনিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে পর্যাপ্ত নিরাপত্তা কর্মী নিয়োজিত আছে। সমগ্র ক্যাম্পাসটি সিসি-ক্যামেরার আওতাধীন। অগ্নিনির্বাপণ যন্ত্র সহ সব ধরণের নিরাপত্তা ব্যবস্থা রয়েছে।

**বি.এসসি. ইন ইঞ্জিনিয়ারিং প্রোগ্রাম (প্রযুক্তি ইউনিট ভর্তি পরীক্ষায় উত্তীর্ণদের জন্য):**

| ক্র. নং | প্রোগ্রামসমূহ | আসন | ৪ বছরে সর্বমোট খরচ | |
|---|---|---|---|---|
| ১. | বি.এসসি. ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | ৫০ | ভর্তি ফি | ২৫০০০/- |
| | | | মাসিক বেতন ও সেমিস্টার ফি (৪০,০০০ × ৮) | ৩,২০০০০/- |
| | | | **সর্বমোট খরচ =** | **৩,৪৫,০০০/-** |
| ২. | বি.এসসি. ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৩০ | ভর্তি ফি | ২৫০০০/- |
| | | | মাসিক বেতন ও সেমিস্টার ফি (৪০,০০০ × ৮) | ৩,২০০০০/- |
| | | | **সর্বমোট খরচ =** | **৩,৪৫,০০০/-** |

## সিভিল ইঞ্জিনিয়ারিং বিভাগ:

পৃথিবীতে উন্নত রাষ্ট্রগুলোক্রমেই উন্নত হচ্ছে এবং উন্নয়নশীল রাষ্ট্রগুলো উন্নতির দিকে ধাবিত হচ্ছে। রাষ্ট্র উন্নয়ন বলতে বুঝায় সে দেশের অর্থনৈতিক অবকাঠামো, যাতায়াত ব্যবস্থা উন্নয়ন এবং ইমারতগুলোর উন্নয়ন। ভূ-খন্ড নির্দিষ্ট কিন্তু জনসংখ্যা অপরিকল্পিতভাবে ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে এবং ভবিষ্যতেও বৃদ্ধি পেতে থাকবে। এই নির্দিষ্ট ভূ-খন্ডে জন-জীবনের জন্য মৌলিক চাহিদাগুলো যেমন: খাদ্য, বস্ত্র, বাসস্থান, শিক্ষা ইত্যাদির চাহিদা ক্রমশঃ বৃদ্ধি পাচ্ছে। একই সাথে বৃদ্ধি পাচ্ছে বেকারত্ব। তাই মৌলিক চাহিদা পূরণের সাথে সাথে বেকারত্ব দূরীকরণের ব্যবস্থাও গ্রহণ করতে হবে। সুনিয়ন্ত্রিত ও সুপরিকল্পিতভাবে নগর বাস্তবায়ন, বহুতল ভবন, উন্নত সড়ক পথ, রেলপথ, ব্রীজ, কালভার্ট, বিমানবন্দর ইত্যাদি নির্মাণে Civil Engineering এর কোনো বিকল্প নাই।



সয়েল টেস্টিং ল্যাবরটরী ক্লাশে শিক্ষার্থী



টেস্টিং ল্যাব



সার্ভিং ল্যাব



সিভিল ইঞ্জিনিয়ারিং ল্যাব

## কম্পিউটার সাইন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ:

তথ্য প্রযুক্তি বর্তমান বিশ্বকে গ্লোবাল ভিলেজে পরিণত করেছে। আধুনিক এই যোগাযোগ ব্যবস্থায় আমাদের জীবন যাপনের সঙ্গে সঙ্গে পাল্টে যাচ্ছে রাজনৈতিক, সামাজিক ও অর্থনৈতিক প্রেক্ষাপট। এই পরিবর্তনশীল সময়ের সাথে এগিয়ে যাবার প্রত্যয় নিয়ে এল কম্পিউটার প্রযুক্তি। প্রযুক্তি নির্ভর বিশ্বে নিজেকে আত্মনির্ভরশীল ব্যক্তি হিসাবে গড়ে তুলতে হলে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং পড়ার বিকল্প কিছু হতে পারে না। একমাত্র কম্পিউটার টেকনোলজিই পারে বহুমুখি কর্মসংস্থানের সুযোগ করে দিতে। অর্থনৈতিকভাবে সমৃদ্ধ দেশ হিসাবে ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রে কম্পিউটার ইঞ্জিনিয়ারিং অপরিহার্য। ২০১১ সালে প্রতিটি কোর্সে কম্পিউটার বাধ্যতামুলক করা হয়েছে। সমস্ত- সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান সমূহে ই-গভর্নেন্স চালু করতে যাচ্ছে, সেহেতু অনুমান করা যাচ্ছে যে, কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ কর্মসংস্থানের ব্যাপ্তি কত বিশাল হতে পারে। বি.এসসি ইন কম্পিউটার ইঞ্জিনিয়ারিং এ আপনাকে সামিল করবে এই কম্পিউটার প্রযুক্তিবিদদের প্রথম সারিতে। এই কম্পিউটার ডিগ্রী হবে অবারিত কম্পিউটার সম্পর্কীত কর্ম ক্ষেত্রে প্রবেশের আপনার প্রথম চাবিকাঠি।



কম্পিউটার ল্যাব



সফট ওয়্যার ল্যাব



ডিজিটাল ইলেকট্রনিক্স ল্যাব



হার্ডওয়্যার ল্যাব

## কলেজ সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা নিম্নরূপ:

দিঘারকান্দা [কাদুরবাড়ী মসজিদের বিপরীত পার্শ্বে], ময়মনসিংহ
০১৭১৮-৯৬৮১৩৯, ০১৭৩৩-৯৪৬৭৯৬
Web: www.kmhkec.com, E-mail: kmhkengineeringcollege@gmail.com
Facebook Page: kmhumayun kabir egineering college

## ইঞ্জিনিয়ারিং ও টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউটসমূহে বিভিন্ন বিভাগে প্রথম বর্ষে ভর্তির জন্য নির্ধারিত আসন সংখ্যা নিম্নরূপ:

| প্রতিষ্ঠানের নাম | ভর্তিকৃত বিভাগ | আসন সংখ্যা |
|---|---|---|
| ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি) | বি.এসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৬০ টি |
| | বি.এসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | ৬০ টি |
| | বি.এসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৬০ টি |
| ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি) | বি.এসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৬০ টি |
| | বি.এসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | ৬০ টি |
| | বি.এসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৬০ টি |
| বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ (সরকারি) | বি.এসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৬০ টি |
| | বি.এসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | ৬০ টি |
| ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার) (বেসরকারি) | বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | ২৭০ টি |
| | বি.এসসি ইন ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রোডাকশন ইঞ্জিনিয়ারিং (আইপিই) | ১৪০ টি |
| | বি.এসসি ইন ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং | ৭৫ টি |
| | বি.এসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৬০ টি |
| | বি.এসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ১২০ টি |
| শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ (বেসরকারি) | বিএসসি ইন টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং | ১২০ টি |
| | বি.এসসি ইন ফ্যাশন ডিজাইন এন্ড অ্যাপারেল ইঞ্জিনিয়ারিং | ৩০ টি |
| | বি.এসসি ইন ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং | ৫০ টি |
| | বি.এসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৫০ টি |
| কে এম হুমায়ুন কবীর ইঞ্জিনিয়ারিং কলেজ (বেসরকারি) | বি.এসসি ইন সিভিল ইঞ্জিনিয়ারিং | ৫০ টি |
| | বি.এসসি ইন কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং | ৩০ টি |
| | **সর্বমোট আসন সংখ্যা =** | **১৪৯৫ টি** |

**বিঃদ্রঃ বিভিন্ন কোটার আসন সংখ্যা মোট আসন সংখ্যার মধ্যে হবে।**

## আবেদনের ন্যূনতম যোগ্যতা

১. প্রার্থীকে ২০১৬ সাল থেকে ২০১৯ সাল পর্যন্ত মাধ্যমিক বা সমমান এবং ২০২১ সালে বাংলাদেশের যেকোনো শিক্ষা বোর্ডের/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের বিজ্ঞান/কৃষিবিজ্ঞান শাখায় উচ্চমাধ্যমিক অথবা মাদ্রাসা বোর্ডের বিজ্ঞান শাখায় আলিম অথবা বিজ্ঞান শাখায় IAL/A-Level বা সমমানের বিদেশী ডিগ্রিধারী হতে হবে। প্রার্থীর মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় পৃথকভাবে ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ-দ্বয়ের যোগফল হতে হবে ন্যূনতম ৬.৫০ এবং মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক বা সমমানের পরীক্ষায় প্রতিটিতে জিপিএ ন্যূনতম ৩.০০ থাকতে হবে। তবে, প্রার্থীর উচ্চমাধ্যমিক/সমমান পরীক্ষায় পদার্থ, রসায়ন, ও গণিত বিষয় থাকতে হবে।

২. যে সকল প্রার্থী ২০১৬ অথবা তার পরে পাসকৃত IGCSE/O-Level পরীক্ষায় অন্তত ৫টি বিষয়ে গড়ে C গ্রেড এবং ২০২১ সনের IAL/A-Level পরীক্ষায় পদার্থ, রসায়ন ও গণিত বিষয়ে C গ্রেড পেয়ে উত্তীর্ণ হয়েছে (কোনো বিষয়ে D গ্রেড গ্রহণযোগ্য হবে না) শুধুমাত্র ঐসকল প্রার্থী ভর্তি পরীক্ষায় আবেদনের জন্য যোগ্য বলে বিবেচিত হবে। যে সকল প্রার্থীর সমতা নিরূপন প্রয়োজন তাদেরকে সমতা নিরূপনের জন্য নির্ধারিত ফিসহ অনলাইনে (https://collegeadmission.eis.du.ac.bd) ওয়েবসাইটে আবেদন করতে হবে। O-Level এবং A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেড পয়েন্ট-কে নিম্নরূপ ধরে জিপিএ হিসাব করা হবে;

A=5.00 B= 4.00 C= 3.50 D= 3.00

## প্রাথমিক আবেদনপত্র

৩. ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ (ময়মনসিংহ ইঞ্জিনিয়ারিং কলেজ, ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ, বরিশাল ইঞ্জিনিয়ারিং কলেজ) এবং বেসরকারি ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউট [ন্যাশনাল ইনস্টিটিউট অব টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং এন্ড রিসার্চ (নিটার), শ্যামলী টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ, এবং কে এম হুমায়ুন কবীর ইঞ্জিনিয়ারিং কলেজ)] -এ ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ১ম বর্ষে ভর্তি ইচ্ছুক প্রার্থীরা **১৫ জুলাই ২০২২ হতে ৮ আগস্ট ২০২২ তারিখ রাত ১১.৫৯ পর্যন্ত অনলাইন-এর মাধ্যমে আবেদন করতে পারবে।**

৪. (ক) অনলাইনে ভর্তির প্রাথমিক আবেদন https://collegeadmission.eis.du.ac.bd ওয়েব সাইট-এর মাধ্যমে করা যাবে। ভর্তির আবেদনের জন্য প্রার্থীর উচ্চমাধ্যমিক এবং মাধ্যমিক-এর তথ্য, বর্তমান ঠিকানা ও মোবাইল নম্বর, পিতা/মাতার জাতীয় পরিচয়পত্র নম্বর (ঐচ্ছিক), কোটা সংক্রান্ত তথ্য, এবং স্ক্যান করা একটি ছবির প্রয়োজন হবে। ভর্তিচ্ছু প্রার্থীরা ইতোমধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ে অন্য কোনো ইউনিটে ভর্তির আবেদন করে থাকলে তাকে নতুন করে কোনো তথ্যাদি দিতে হবে না। আবেদনকারীকে দেশের চারটি রাষ্ট্রায়ত্ত বাণিজ্যিক ব্যাংকের (সোনালী, জনতা, অগ্রণী, ও রূপালী) যেকোনো শাখায় অথবা অনলাইনে যেকোনো (ডেবিট/ ক্রেডিট কার্ড, মোবাইল ফাইনান্সিয়াল সার্ভিসের (বিকাশ/নগদ/রকেট ইত্যাদি) মাধ্যমে নির্ধারিত সময় সীমার মধ্যে **ভর্তির পরীক্ষার ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা জমা দিতে হবে। আবেদনের ফি জমার বিষয়ে বিস্তারিত তথ্য** https://collegeadmission.eis.du.ac.bd ওয়েবসাইটে পাওয়া যাবে। তাৎক্ষনিক অনলাইনে বা নির্ধারিত সময় সীমার মধ্যে ফি জমা দেয়া যাবে।

(খ) সমতা নিরূপণের জন্য IGCSE/O-Level ও IAL/A-Level সমমানের বিদেশী পাঠ্যক্রমে বা উন্মুক্ত বিশ্ববিদ্যালয় হতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সমতা নিরূপনের জন্য ওয়েব সাইটে https://collegeadmission.eis.du.ac.bd "সমমানের আবেদন বা "Equivalence Application" মেনুতে আবেদন করে তাৎক্ষণিকভাবে অনলাইনে সমতা নিরূপনের জন্য নির্ধারিত ফি জমা দিতে হবে। সমতা নিরূপণের প্রাপ্ত Equivalence HSC Roll ও SSC Roll ব্যবহার করে সাধারণ শিক্ষার্থীদের ন্যায় একই ওয়েবসাইটে লগইন করে ভর্তি পরীক্ষার জন্য আবেদন করতে পারবে।

## ভর্তি পরীক্ষা

৫. (ক) ভর্তিচ্ছু সকল প্রার্থীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(খ) ভর্তি পরীক্ষা ২ সেপ্টেম্বর ২০২২ তারিখ শুক্রবার সকাল ১০.০০ টায় অনুষ্ঠিত হবে। পরীক্ষার সময় ১ ঘন্টা ৩০ মিনিট।

(গ) ভর্তি পরীক্ষা এমসিকিউ (MCQ) পদ্ধতিতে হবে। মোট ১২০টি প্রশ্নের জন্য মোট ১২০ নম্বর থাকবে।

৬. ভর্তি পরীক্ষার প্রশ্ন ২০২১ সালের উচ্চ মাধ্যমিক পর্যায়ের পাঠ্যসূচি অনুযায়ী বাংলা ও ইংরেজী মাধ্যমে থাকবে; এবং প্রত্যেক প্রার্থীকে পদার্থ, রসায়ন, গণিত, ও ইংরেজি বিষয়ের প্রশ্নের উত্তর দিতে হবে। পদার্থ, রসায়ন, ও গণিত প্রতিটি বিষয়ের জন্য ৩৫ নম্বর এবং ইংরেজি বিষয়ের জন্য ১৫ নম্বর থাকবে।

৭. ভর্তি পরীক্ষার পাস ৪০% অর্থাৎ ৪৮ নম্বর। যারা ৪৮ এর কম নম্বর পাবে তাদেরকে ভর্তির জন্য বিবেচনা করা হবে না। উল্লেখ্য, ভুল উত্তরের জন্য কোন প্রকার নম্বর কাটা হবে না।

৮. ইলেকট্রিক্যাল এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (ইইই), কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসই) ও সিভিল ইঞ্জিনিয়ারিং (সিই) বিভাগ-এ ভর্তি ইচ্ছুক প্রার্থীকে ভর্তি পরীক্ষায় পৃথকভাবে পদার্থবিজ্ঞান ও গণিত বিষয়ে ন্যূনতম ১০ নম্বর পেতে হবে।

৯. ভর্তি পরীক্ষায় এমসিকিউ (MCQ) পদ্ধতির উত্তরপত্র বিশ্ববিদ্যালয় কর্তৃক সরবরাহ করা হবে। প্রার্থীকে এমসিকিউ (MCQ) ঘর পূরণ করার উপযোগী প্রয়োজনীয় কালো বলপেন আনতে হবে। প্রত্যেক প্রার্থীকে কেবল একটি এমসিকিউ (MCQ) উত্তরপত্র সরবরাহ করা হবে। অতএব, উত্তরপত্র পূরণ করার সময় প্রার্থীদেরকে সতর্কতা অবলম্বন করতে বলা হচ্ছে এবং পূরণ করতে গিয়ে কোনো ভুল-ভ্রান্তির দায়-দায়িত্ব প্রার্থীকেই বহন করতে হবে।

১০. উত্তরপত্রে Roll Number ও Serial Number লেখায় কোনো ঘষামাজা থাকলে উত্তরপত্র বাতিল বলে গণ্য হবে।

১১. পরীক্ষায় ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না। পরীক্ষার হলে প্রার্থীর নিকট মোবাইল ফোন, ব্লু-টুথ বা টেলিযোগাযোগ করা যায় এমন যে কোনো প্রকার ডিভাইস রাখা সম্পূর্ণভাবে নিষিদ্ধ। পরীক্ষার হলে কোনো প্রার্থীর নিকট যে কোনো প্রকার ইলেকট্রনিক্স ডিভাইস পাওয়া গেলে, সে ব্যবহার করুক বা না করুক তাকে বহিস্কার করা হবে।

১২. ভর্তি পরীক্ষার বিস্তারিত আসন বিন্যাস ঢাকা বিশ্ববিদ্যালয় ভর্তি ওয়েব সাইট থেকে (https://collegeadmission.eis.du.ac.bd) লগইন করে দেখা যাবে। ভর্তি পরীক্ষার পূর্বে প্রার্থীকে Roll Number ও Serial Number অনুসারে পরীক্ষার নির্দিষ্ট স্থান ও সময় প্রার্থীকে নিজ দায়িত্বে জেনে নিতে হবে।

## মেধাস্কোর ও মেধাক্রম

১৩. (ক) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরসহ সর্বমোট ২০০ নম্বরের মধ্যে মেধাস্কোর নির্ণয় করে তার ক্রমানুসারে মেধা তালিকা তৈরি করা হবে (যার মধ্যে ভর্তি পরীক্ষা ১২০ নম্বর, মাধ্যমিক/ O-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত (৪র্থ বিষয়সহ) জিপিএ-কে ১০ গুণ অর্থাৎ ৫০ নম্বর এবং উচ্চমাধ্যমিক/ A-Level বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত/হিসাবকৃত (৪র্থ বিষয়সহ) জিপিএ-কে ৬ গুণ অর্থাৎ ৩০ নম্বর)।

(খ) মেধাস্কোর সমান হলে নিম্নলিখিত ক্রমানুসারে মেধাক্রম তৈরি করা হবে।

(১) ভর্তি পরীক্ষায় প্রাপ্ত স্কোর

(২) HSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA চতুর্থ বিষয় ব্যতিত

(৩) HSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA চতুর্থ বিষয়সহ

(৪) SSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA চতুর্থ বিষয় ব্যতিত

(৫) SSC/ সমমানের পরীক্ষায় প্রাপ্ত GPA চতুর্থ বিষয়সহ

(গ) IGCSE/O-Level এবং IAL/A-Level পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেড পয়েন্ট নিম্নরূপ ধরে জিপিএ হিসাব করা হবে,

A=5.0 B=4.0 C=3.50 D=3.00

(ঘ) যারা ভর্তি পরীক্ষায় অনুপস্থিত থাকবে অথবা ২০০ নম্বরের মধ্যে ৮০ (আশি) এর কম নম্বর পাবে, তাদের মেধাস্কোর করা হবে না।

১৪. ফলাফল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (https://collegeadmission.eis.du.ac.bd) পাওয়া যাবে এবং এসএমএস-এর মাধ্যমে জানা যাবে।

১৫. ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর পুনঃনিরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি অনুযায়ি নগদ ১,০০০/- (এক হাজার) টাকা পুনঃনিরীক্ষা ফি অনুষদ অফিসে জমা দিয়ে নির্ধারিত ফরম সংগ্রহ করে ডিন, ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ বরাবর প্রবেশপত্রের ফটোকপিসহ আবেদনপত্র জমা দিয়ে প্রার্থীর উত্তরপত্র পুনঃনিরীক্ষা করানো যাবে। পুনঃনিরীক্ষার ফলে প্রার্থীর অর্জিত নম্বরের পরিবর্তন হলে মেধা তালিকায় প্রয়োজনীয় সংশোধন করে দেওয়া হবে।

১৬. মেধা তালিকা প্রকাশের পর নির্দিষ্ট (ওয়েব সাইটে উল্লেখিত) তারিখের মধ্যে অনলাইনে কলেজ/ইনস্টিটিউটসহ বিভাগ পছন্দকরণ ফরম (Subject Choice) পূরণ করতে হবে। পরবর্তীতে কলেজ/ইনস্টিটিউটসহ বিষয় পছন্দক্রম এবং ভর্তি পরীক্ষার মেধাক্রম ও ভর্তির যোগ্যতা অনুসারে কলেজ/ইনস্টিটিউটসহ বিভাগ বন্টনের তথ্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশ করা হবে। ভর্তিচ্ছু প্রার্থীকে বিজ্ঞপ্তিতে উল্লেখিত নির্ধারিত তারিখে SSC এবং HSC এর মূল নম্বরপত্রসহ ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ অফিসে সাক্ষাৎকারের জন্য উপস্থিত হতে হবে।

১৭. ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদেরকে ভর্তি ফরমের সঙ্গে অন্যান্য প্রয়োজনীয় কাগজপত্রসহ সর্বশেষ যে শিক্ষা প্রতিষ্ঠান থেকে উত্তীর্ণ হয়েছে, সেই প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র এবং অভিভাবকের বাৎসরিক আয়ের সনদপত্র ভর্তির জন্য মনোনিত সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউট এ জমা দিতে হবে।

## কোটা

১৮. ওয়ার্ড, মুক্তিযোদ্ধা, উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী, হরিজন ও দলিত সম্প্রদায়, প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস) কোটা হিসেবে প্রার্থীদের ভর্তির জন্য ভর্তি পরীক্ষায় ১২০ নম্বরের মধ্যে পাশ নম্বর ৪০% অর্থাৎ ন্যূনতম ৪৮ নম্বর নির্ধারণ করা হলো। এছাড়া বিষয় নির্বাচনের ক্ষেত্রে অন্যান্য শর্ত বহাল থাকবে।

(ক) সংশ্লিষ্ট ইঞ্জিনিয়ারিং কলেজ/ইনস্টিটিউটে কর্মরত শিক্ষক/কমর্কর্তা-কর্মচারী এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক/কমর্কর্তা-কর্মচারীদের কেবল ছেলে/মেয়ে/স্বামী/স্ত্রী), (খ) মুক্তিযোদ্ধা কোটা (সন্তান/নাতি-নাতনী) , (গ) উপজাতি/ক্ষুদ্র নৃগোষ্ঠী, (ঘ) হরিজন ও দলিত সম্প্রদায়, এবং (ঙ) প্রতিবন্ধী (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস) কোটায় ভর্তি হওয়ার সুযোগ পাবে। যারা অনলাইনে আবেদন করার সময় কোটায় টিক (√) দিবে এবং ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হবে, কেবল তারাই ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশের পর কোটা সংক্রান্ত বিজ্ঞপ্তি অনুযায়ি ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ অফিস হতে নির্ধারিত আবেদনপত্র (ফি জমা সাপেক্ষে) সংগ্রহপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদিসহ কোটার আবেদন জমা দিতে পারবে। ভর্তির চাহিদা মোতাবেক প্রয়োজনীয় সকল কাগজপত্রাদি ব্যতীত আবেদনপত্র জমা দিলে ঐ আবেদনপত্র প্রাথমিকভাবে বাতিল বলে গণ্য হবে এবং ঐ আবেদনকারী কোটার কোনো প্রকার সুযোগ-সুবিধা পাবে না। ওয়ার্ড কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউটের অধ্যক্ষ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট অফিস প্রধান কর্তৃক চাকুরীরত ব্যক্তির সাথে প্রার্থীর সম্পর্কের প্রত্যয়নপত্র জমা দিতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদপত্র ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপিসহ (মুক্তিযোদ্ধা যদি প্রার্থীর দাদা/নানা হয়, তাহলে প্রার্থীর বাবা/মা-এর এসএসসি পাসের সনদপত্র অথবা কাবিননামার ফটোকপি ও জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত ফটোকপি এবং ওয়ারিশনামাসহ), আদিবাসী কোটার ক্ষেত্রে স্ব স্ব আদিবাসী প্রধান ও জেলা প্রশাসন-এর সনদপত্র, হরিজন ও দলিত সম্প্রদায় কোটার ক্ষেত্রে হরিজন ও দলিত সম্প্রদায় সংগঠন প্রধানের সনদপত্র এবং জেলা প্রশাসনের সনদপত্র, এবং প্রতিবন্ধীদের কোটার (দৃষ্টি, বাক, শ্রবণ, শারীরিক ও নিউরো-ডেভেলপমেন্টাল ডিজঅর্ডারস) ক্ষেত্রে উপযুক্ত সনদপত্র (জেলা সিভিল সার্জন এর সনদসহ প্রতিবন্ধীর সনদ) আবেদনপত্রের সাথে জমা দিতে হবে (সাক্ষাৎকারের সময় অবশ্যই সকল কাগজপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে)।

## বিবিধ

১৯. পরীক্ষার দিন পরীক্ষা শুরুর নির্ধারিত সময়ের ৩০ মিনিট পূর্বেই পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে নির্ধারিত আসনে আসন গ্রহণ করতে হবে এবং নির্ধারিত আসনে পরীক্ষা না দিলে উত্তরপত্র মূল্যায়ন করা হবে না।

২০. কোনো প্রার্থী অন্যের ছবি/নম্বরপত্র ব্যবহার করলে অথবা যেকোনো অসদুপায় অবলম্বন করলে তার পরীক্ষা বাতিল বলে গন্য হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

২১. পরীক্ষায় অসদুপায় অবলম্বনের কোনো রিপোর্ট থাকলে প্রার্থীর পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

২২. ভর্তি প্রক্রিয়ার যে কোনো পর্যায় এমন কি ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করার পরও ভর্তির জন্য প্রদত্ত তথ্যাদিতে যদি কোনো ভুল ধরা পড়ে অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ন্যূনতম যোগ্যতা নেই, তাহলে প্রার্থীর ভর্তি পরীক্ষায় অংশ গ্রহণের অনুমতি, ভর্তি পরীক্ষার ফলাফল এবং মনোনয়ন বাতিল করা হবে।

২৩. ভর্তি সংক্রান্ত নিয়ম-নীতির যে কোনো ধারা ও উপধারা পরিবর্তন, পরিবর্ধন, সংশোধন, সংযোজন ও পুনঃসংযোজনের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

২৪. পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রের বাহিরে ও ভিতরে অবশ্যই স্বাস্থ্যবিধি মানতে হবে এবং মাস্ক ব্যবহার করতে হবে।

২৫. প্রার্থীকে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর চূড়ান্ত ভর্তির জন্য নির্ধারিত তারিখে বিজ্ঞপ্তি অনুসারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদের ডিন অফিসে সাক্ষাৎকারে উপস্থিত হতে হবে এবং ভর্তি সংক্রান্ত লিংক (https://collegeadmission.eis.du.ac.bd)-এ মনোনীত কলেজ/ইনস্টিটিউটসহ বিভাগ দেখতে হবে। মনোনীত কলেজ/ইনস্টিটিউট ও বিভাগ পাওয়ার পর প্রার্থীকে ওয়েব সাইটে ভর্তি সংক্রান্ত নোটিশে উল্লেখিত তারিখ ও সময় অনুযায়ি সংশ্লিষ্ট কলেজ/ইনস্টিটিউট-এ ভর্তি হতে হবে।

২৬. বেসরকারি ইনস্টিটিউট/কলেজ-এ প্রথম বর্ষে ভর্তি হওয়া আর্থিকভাবে অস্বচ্ছল শিক্ষার্থীদেরকে (ভর্তিকৃত) আসন সংখ্যার উপর ৫% হারে বৃত্তি প্রদান করা হবে।

২৭. ভর্তি সংক্রান্ত হালনাগাদ তথ্য জানার জন্য প্রার্থীদেরকে নিয়মিত ভর্তি সংশ্লিষ্ট ওয়েব সাইট দেখতে হবে।

## পরীক্ষা ও ভর্তি সংক্রান্ত গুরুত্বপূর্ণ তথ্য

| | | |
|---|---|---|
| **অনলাইনে ভর্তির আবেদন** | : | **১৫ জুলাই ২০২২ তারিখ হতে<br>০৮ আগস্ট ২০২২ তারিখ রাত ১১.৫৯ পর্যন্ত** |
| **আবেদন ফি জমা দেওয়ার তারিখ** | : | **১৫ জুলাই ২০২২ তারিখ হতে<br>৮ আগস্ট ২০২২ তারিখ রাত ১১.৫৯ পর্যন্ত** |
| **আবেদন ফি** | : | **৭০০.০০ (সাতশত) টাকা** |
| **প্রবেশপত্র সংগ্রহের তারিখ** | : | **১৬ আগস্ট ২০২২ বিকাল ৩.০০ টা হতে<br>২ সেপ্টেম্বর ২০২২ সকাল ৯.০০ টা পর্যন্ত** |
| **পরীক্ষার তারিখ** | : | **২ সেপ্টেম্বর ২০২২ সকাল ১০.০০-১১.৩০ টা পর্যন্ত** |

**পরীক্ষার পর যথাশীঘ্র ফলাফল প্রকাশ করা হবে।**

## ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলীর জন্য যোগাযোগের ঠিকানা

ইঞ্জিনিয়ারিং এন্ড টেকনোলজি অনুষদ
উচ্চতর বিজ্ঞান গবেষণা কেন্দ্র (১০ম তলা)
মোকাররম হোসেন ভবন এলাকা
ঢাকা বিশ্ববিদ্যালয়
আইপি পিএবিএক্স: ৮৮-০৯৬৬৬৯১১৪৬৩ এক্স: ৪৩৬৬
মোবাইল: ০১৫১৮৩৩৩৯৯৩

**ছবি ও অনলাইন আবেদন সংক্রান্ত ভুল সংশোধন করার জন্য অনলাইন ভর্তি অফিস কক্ষ নম্বর ২১৪, প্রশাসনিক ভবন, ঢাকা বিশ্ববিদ্যালয়-এ যোগাযোগ করতে হবে। ফোন: ৫৫১৬৭৭২৪, ০১৭৪৩০৪২৮৬৪, ০১৮২২১৩৭৬০১, ০১৯৯৩৯৯২১৪৯**